

পশ্চিমবঙ্গ সরকার
জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিকের করণ
পূর্ব মেদিনীপুর
পোস্ট-তমলুক, জেলা -পূর্ব মেদিনীপুর

স্মারক নংঃ- 2715

তারিখঃ- 12.9.1
2012

॥ বিজ্ঞপ্তি ॥

বিষয়ঃ- পশ্চিমবঙ্গ সরকারের ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের বিশেষ উন্নয়ন মূলক প্রকল্প 'নিজ গৃহ নিজ ভূমি' -র স্বার্থক রূপায়নের জন্য পূর্ব মেদিনীপুর জেলার বিভিন্ন গ্রামীণ এলাকায় উপযুক্ত জমি ক্রয় ॥

এতদ্বারা সর্ব সাধারণকে জানানো যাইতেছে যে, পশ্চিমবঙ্গ সরকারের বিশেষ উন্নয়ন মূলক প্রকল্প 'নিজ গৃহ নিজ ভূমি' -র মাধ্যমে সম্পূর্ণ ভূমিহীন ও বাস্তুজমিহীন খেতমজুর, গ্রামীণ কারিগর ও মৎসজীবী পরিবারকে জমি বিতরণ করিবেন। এইরূপ বিতরিত জমি এই সকল পরিবারের বসবাসের জন্য বাড়ী তৈরী সহ অর্থনৈতিক উন্নয়নের জন্য ব্যবহৃত হইবে ॥

এই উদ্দেশ্যে অত্র জেলার নিম্নলিখিত অঞ্চলে প্রথম পর্যায়ে উপযুক্ত জমি ক্রয় করা হইবেঃ-


ক্রমিক নং	ব্লকের নাম	গ্রাম পঞ্চায়েতের নাম	মোট জমির পরিমাণ (একর)
০১	খেজুরী-১	হেঁড়িয়া, লাফি, টিকাশী, বীরবন্দর, কামারদা, কলাগাছিয়া ।	৩.৬০
০২	রামনগর-১	বাধিয়া, হলদিয়া-১, হলদিয়া-২, বসন্তপুর, গোবরা, পদিমা-১, পদিমা-২, তালগাছারি-১, তালগাছারি-২।	২৩.১০
০৩	এগরা-১	জেরখান-০৫, পাঁচরোল-০৬, আর.বি.সি.-০৮, জুমকী-০৯, ছাতরি-০৪ ।	৬.৬৫
০৪	তমলুক-১	নীলকুঠা, পিপুলবেড়িয়া-১, পিপুলবেড়িয়া-২, বিষ্ণুবাড়-১, বিষ্ণুবাড়-২, অনন্তপুর-১, অনন্তপুর-২, শ্রীরামপুর-১, শ্রীরামপুর-২, সোনামুই।	৬.৪০
০৫	নন্দীগ্রাম-৩	উসমানপুর, কান্দপশরা-০৪, মুরাদপুর-০৯, চৌখালি-০২	১.৫৫
০৬	পাঁশকুড়া-১	মাইশোরা, কেশাপাট, পাঁশকুড়া-১, ঘোষপুর, গোবিন্দনগর, হাউর, চৈতন্যপুর-১, চৈতন্যপুর-২, প্রতাপপুর-১ রঘুনাথবাড়ী, খন্ডখোলা, পুরুষোত্তমপুর, রাখাবল্লভকা	১২.৫০

এই প্রকল্পের জন্য স্বেচ্ছায় বিক্রয় করিতে ইচ্ছুক জমির মালিকগনকে জমির পূর্ণ বিবরণসহ সংশ্লিষ্ট বি.এল. এল. আর.ও. অফিসে বিজ্ঞপ্তি প্রকাশের ৪৫ দিনের মধ্যে আবেদনপত্র জমা দেওয়ার জন্য অনুরোধ করা হইতেছে। জমিটি অবশ্যই বিক্রেতার নামে রেকর্ডভুক্ত থাকিবে। সর্বকম দায়মুক্ত হইবে এবং এই প্রকল্পে ক্রয়ের জন্য উপযুক্ত হইবে। এই প্রকল্পের জন্য গঠিত এল.পি.এল.ডি. কমিটি জমির অবস্থান ও উপযুক্ততা তদন্তপূর্বক বিবেচনা করিয়া জমি ক্রয়ের প্রাথমিক সিদ্ধান্ত নেবেন।

গ্রাম পঞ্চায়েত এবং মৌজা ভিত্তিক প্রয়োজনীয় জমির তালিকা ও পরিমান সংশ্লিষ্ট বি.এল. এ্যান্ড এল. আর. ও. অফিসে পাওয়া যাইবে।।

যাহাদের জমি ক্রয় করা হইবে, তাহাদেরকে দলিল রেজিস্ট্রি করিবার দিন চেকের মাধ্যমে জমির অনুমোদিত দাম মিটিয়ে দেওয়া হইবে।

কোনোরকম কারণ দর্শানো ব্যতিরেকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ যে কোন আবেদনপত্র গ্রহন বা বাতিল করিতে পারেন।



জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক
পূর্ব মেদিনীপুর :: তমলুক

স্মারক নংঃ- 2715/1 (600)

তারিখঃ- 12.9.12

অবগতি, যথাযথ ব্যবস্থা এবং ব্যাপক প্রচারের নিমিত্ত প্রতিলিপি প্রেরণ করা হইল :-

- ১) সভাপতি, পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ।
- ২) জেলা শাসক ও জেলা সমাহর্তা, পূর্ব মেদিনীপুর।
- ৩) কর্মাধ্যক্ষ, বন ও ভূমি সংস্কার স্থায়ী সমিতি, পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ।
- ৪) মহকুমা শাসক, তমলুক / হলদিয়া / কাঁথি / এগরা।
- ৫) উপ সচিব, পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ।
- ৬) মহকুমা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক, তমলুক / হলদিয়া / কাঁথি / এগরা।
- ৭) সভাপতি, পঞ্চায়েত সমিতি (সকল)।
- ৮) ব্লক উন্নয়ন আধিকারিক, (সকল)।
- ৯) কর্মাধ্যক্ষ, বন ভূমি সংস্কার স্থায়ী সমিতি, পঞ্চায়েত সমিতি (সকল)।
- ১০) সহকারী জেলা উপনিবন্ধক (সকল)।
- ১১) ব্লক ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক, (সকল)।
- ১২) পঞ্চায়েত প্রধান, (সকল)।
- ১৩) রাজস্ব পরিদর্শক (সকল)।


জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক
পূর্ব মেদিনীপুর :: তমলুক